



## বাংলাদেশে নির্বাচন না হলে রাজপথে অস্থিরতার আশঙ্কা: কুগেলম্যান



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্রের খ্যাতনামা বিশ্লেষক ও ফরেন পলিসি সাময়িকীর সাউথ এশিয়া ব্রিফ-এর লেখক মাইকেল কুগেলম্যান সতর্ক করেছেন, বাংলাদেশে নির্ধারিত সময়ে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত না হলে রাজপথে অস্থিরতা ও সহিংস পরিস্থিতি সৃষ্টি হতে পারে। সম্প্রতি প্রকাশিত এক বিশ্লেষণে তিনি বলেন, নির্বাচন কমিশন ফেব্রুয়ারির প্রথমার্ধে ভোট আয়োজনের পরিকল্পনা করলেও রাজনৈতিক ও প্রশাসনিক চাপের কারণে এখনও অনিশ্চয়তা কাটেনি।

কুগেলম্যান উল্লেখ করেন, ঢাকায় অবস্থানকালে তিনি যেসব রাজনৈতিক ও নাগরিক সমাজের প্রতিনিধিদের সঙ্গে কথা বলেছেন, তাদের মতে কিছু প্রভাবশালী গোষ্ঠীর মধ্যে নির্বাচন বিলম্বে আগ্রহ রয়েছে। এসব গোষ্ঠীর মধ্যে নতুন রাজনৈতিক দল গড়ে তোলা ছাত্রনেতা এবং অন্তর্বর্তী সরকারের কিছু সদস্য রয়েছেন। তবে সেনাবাহিনী, প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনুস এবং সরকারের গুরুত্বপূর্ণ অংশীদাররা সময়মতো নির্বাচন আয়োজনের প্রতিশ্রুতি দিয়েছেন।

তিনি আশঙ্কা প্রকাশ করে বলেন, যদি কোনো কারণে নির্বাচন পিছিয়ে যায়, তবে বিরোধী রাজনৈতিক শক্তিগুলো রাজপথে নেমে আসতে পারে এবং তা দ্রুত সহিংসতার রূপ নিতে পারে। এ অবস্থায় দেশের রাজনৈতিক অঙ্গনে নতুন করে সংকট তৈরি হওয়ার ঝুঁকি রয়েছে।

এরই মধ্যে নির্বাচন কমিশন নির্বাচনী প্রস্তুতি এগিয়ে নিচ্ছে। গত ৪ সেপ্টেম্বর চূড়ান্ত সীমানা গেজেট প্রকাশ করা হয়েছে, যা নির্বাচনী প্রক্রিয়ায় একটি বড় পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে। আন্তর্জাতিক অঙ্গন থেকেও নির্বাচনকে ঘিরে ইতিবাচক বার্তা আসছে। জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী গুইন লুইস ইতোমধ্যেই আসন্ন ফেব্রুয়ারির নির্বাচনকে “পূর্ণ সমর্থন” দেওয়ার ঘোষণা দিয়েছেন এবং এটিকে গণতান্ত্রিক রূপান্তরের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ মুহূর্ত বলে আখ্যায়িত করেছেন।

পর্যবেক্ষক মহল মনে করছে, আন্তর্জাতিক সমর্থন ও অভ্যন্তরীণ চাপের মধ্যেই বাংলাদেশকে দ্রুত একটি সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচনের পথে অগ্রসর হতে হবে। অন্যথায় কুগেলম্যানের শঙ্কা মতো রাজনৈতিক অস্থিরতা এবং রাজপথে সংঘাতের সম্ভাবনা উড়িয়ে দেওয়া যাবে না।